DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Nov 2026, 04:21 PM

অর্থনীতি

টানা দুই দফা বাড়ার পর কমল সোনার দাম

প্রতিবেদক: নিজস্ব প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ৩১ অক্টোবর ২০২৬, ০৮:৪৮ AM



টানা দুই দফা বাড়ার পর দেশের বাজারে সোনার দাম কমিয়েছে বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার দাম ১ হাজার ৬৩৩ টাকা কমিয়ে ২ লাখ ২৩ হাজার ৭৪ টাকা নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে কমানো হয়েছে রুপার দামও।

শুক্রবার (৩০ অক্টোবর) সকাল ১০টা থেকে নতুন এ দাম কার্যকর হয়েছে। বাজুসের নতুন মূল্যতালিকায় এ তথ্য জানানো হয়েছে।

নতুন মূল্যতালিকা অনুযায়ী, হলমার্ক করা ২২ ক্যারেটের প্রতি গ্রাম সোনার দাম ১৯ হাজার ১২৫ টাকা। সে হিসাবে প্রতি ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) সোনার দাম ২ লাখ ২৩ হাজার ৭৪ টাকা।

এ ছাড়া ২১ ক্যারেটের প্রতি ভরি সোনার দাম ২ লাখ ১৩ হাজার ৪৩ টাকা নির্ধারণ করা হয়েছে। ১৮ ক্যারেটের প্রতি ভরি সোনার দাম ১ লাখ

৮২ হাজার ৯৫০ টাকা। আর সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার দাম ১ লাখ ৪৯ হাজার ৪৭৪ টাকা।

এর আগে ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার দাম ছিল ২ লাখ ২৪ হাজার ৭০৭ টাকা। অর্থাৎ নতুন সিদ্ধান্তে এক দিনের ব্যবধানে প্রতি ভরি সোনার দাম কমেছে ১ হাজার ৬৩৩ টাকা।

এ ছাড়া ২১ ক্যারেটের প্রতি ভরিতে ১ হাজার ৫৭৫ টাকা, ১৮ ক্যারেটে ১ হাজার ৩৪১ টাকা এবং সনাতন পদ্ধতির সোনায় ১ হাজার ১০৮ টাকা কমানো হয়েছে।

বাজুসের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, স্থানীয় বাজারে তেজাবি সোনার (বিশুদ্ধ সোনা) দাম কমেছে। সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে সোনার নতুন দাম নির্ধারণ করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



টানা পাঁচ দফায় কমল সোনার দাম, ভরিতে কমেছে ১২ হাজার টাকা

দেশের বাজারে আবারও সোনার দাম কমানোর ঘোষণা দিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ভ্যাটসহ ২২ ক্যারেটের প্রতি...



নভেম্বরের প্রথম ৯ দিনে রেমিট্যান্স বেড়েছে ৩১.৬০ শতাংশ

চলতি বছরের নভেম্বর মাসের প্রথম ৯ দিনে দেশে ১২৮ কোটি ৩০ লাখ মার্কিন ডলারের রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা। গত বছরের একই সময়ের তুলনায় এ আয় বে...



৯ আর্থিক প্রতিষ্ঠানের আমানত ফেরাতে ২৭০৭ কোটি টাকা চায় বাংলাদেশ ব্যাংক

দীর্ঘদিন ধরে আমানতের টাকা ফেরত না পাওয়া ৯টি ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহকদের পাশে দাঁড়াতে উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক। এসব প্র...



জ্বালানি তেলের মজুত ৯০ দিনে উন্নীত করতে বিপিসির পরিকল্পনা

বিশ্ববাজারে জ্বালানি তেলের সরবরাহ ও দামের অনিশ্চয়তার মধ্যে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে মজুত সক্ষমতা বাড়ানোর উদ্যোগ নিয়েছে সরকার। ২...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/economy/tana-dui-dfa-barar-pr-kml-sonar-dam